

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.১৫

তারিখ: ৯ মাঘ ১৪৩০

২৩ জানুয়ারি ২০২৪

বিষয়: **চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৩-২০২৪ মৌসুমে আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রাজশাহী বিভাগে চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী দপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.২৪৫.৩৫.০০৫.২৩.৫৪, তারিখ: ২১.০১.২০২৪ খ্রি.
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী দপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.২৪৫.৩৫.০০৫.২৩.৬৩২২, তারিখ: ৩১.১২.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৩-২০২৪ মৌসুমে ৫,৫০,০০০ মে:টন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে ২৩.০১.২০২৪ খ্রি: পর্যন্ত চালকল মালিকদের অনুকূলে মূল চুক্তি ও পুনবরাদ্দসহ ৫,৪৯,০৪৮ মে:টন চালের বরাদ্দ প্রদান করা হয়েছে। সে মোতাবেক অবরাদ্দকৃত চালের পরিমাণ (৫,৫০,০০০ – ৫,৪৯,০৪৮)=৯৫২ মে:টন। অবরাদ্দকৃত চালের বিভাগভিত্তিক পরিমাণ নিম্নরূপঃ

ছক-১

ক্র:নং	বিভাগের নাম	অবরাদ্দকৃত চালের পরিমাণ (মে.টন)
১.	রংপুর	৪১
২.	ময়মনসিংহ	১
৩.	খুলনা	১
৪.	চট্টগ্রাম	৮৯৩
৫.	সিলেট	১৬
সর্বমোট=		৯৫২

সূত্রস্থ ১-২নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী তার বিভাগে সিদ্ধ চালের লক্ষ্যমাত্রার অতিরিক্ত ২৩১০.৩৬০ মে.টন চালের বরাদ্দ প্রদানের জন্য খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করেছেন। চলতি আমন সংগ্রহ/২০২৩-২০২৪ মৌসুমে সারাদেশে চালকল মালিকদের অনুকূলে সিদ্ধ চালের বরাদ্দ পর্যালোচনায় দেখা যায় যে, চট্টগ্রাম বিভাগে ৮৯৩ মে.টন চালের বরাদ্দ বাকী। সিদ্ধ চালের জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে চট্টগ্রাম বিভাগের অবরাদ্দকৃত সমুদয় পরিমাণ চালের বরাদ্দ কর্তন করে রাজশাহী বিভাগে সমন্বয় করা যেতে পারে।

সে লক্ষ্যে রাজশাহী বিভাগে চাহিত চালের বরাদ্দের পরিপ্রেক্ষিতে 'ছক-১' এ বর্ণিত বিভাগসমূহের মধ্যে অবরাদ্দকৃত পরিমাণ থেকে যথা: চট্টগ্রাম বিভাগ থেকে ৮৯৩ মে.টন চালের বরাদ্দ কর্তন করে তা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রাজশাহী বিভাগে অতিরিক্ত ৮৯৩ মে:টন বরাদ্দ প্রদান করা হলো। সমন্বয়ের পরে রাজশাহী বিভাগের লক্ষ্যমাত্রার পরিমাণ নিম্নের 'ছক-২' এ দেখানো হলোঃ

ছক-২

ক্র:নং	বিভাগের নাম	বর্তমান লক্ষ্যমাত্রা (মে:টন)	অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান (মে:টন)	সমন্বয়ের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১	২	৩	৪	৮(৬+৭)
১.	রাজশাহী	১,১৩,৭০৪.৬৪০	৮৯৩.০০	১,১৪,৫৯৭.৬৪০

চট্টগ্রাম বিভাগের অবরাদ্দকৃত পরিমাণ থেকে ৮৯৩ মে:টন কর্তনের পর চট্টগ্রাম বিভাগের স্থিরকৃত লক্ষ্যমাত্রার চিত্র নিম্নোক্ত ছক-৩ এ দেখানো হলো:

ছক-৩

ক্র:নং	বিভাগের নাম	বর্তমান লক্ষ্যমাত্রা (মে:টন)	কর্তনকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	কর্তনের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১	২	৩	৪	৫ (৩-৪)
১.	চট্টগ্রাম	৪৫,০৮১	৮৯৩	৪৪,১৮৮

অতিরিক্ত চালের বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণ করতে হবে:

(ক) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ একবারে প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপিট বরাদ্দ প্রদান করা যাবে;

(খ) এ অতিরিক্ত লক্ষ্যমাত্রা বিভাগের বিভিন্ন জেলায় যে সকল মিলার চুক্তিকৃত সমুদয় চাল ইতোমধ্যে পরিশোধ করেছেন এবং সূত্রলিখিত ১ ও ২নং স্মারকে আগ্রহী মিলারদের আবেদনের ভিত্তিতে আনুপাতিক হারে অবিলম্বে বরাদ্দ প্রদান করতে হবে। বরাদ্দ প্রদান এবং বরাদ্দ মোতাবেক বিনির্দেশ সম্মত চাল গুদামে সরবরাহের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্টগণ দায়ী থাকবেন।

অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৫-১-২০২৪

মোঃ মনিরুজ্জামান

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.১৫/১(১৪)

তারিখ: ৯ মাঘ ১৪৩০

২৩ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
- ৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



২৫-১-২০২৪

মোঃ মনিরুজ্জামান
পরিচালক (চলতি দায়িত্ব)